

## জীবন স্বপ্ন প্ল্যান - সাধারণ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

### ১. জীবন স্বপ্ন পলিসিটি কী ধরনের পরিকল্পনা?

এলআইসি বাংলাদেশ-এর "জীবন স্বপ্ন" একটি জীবন বীমা পরিকল্পনা যা আপনাকে আর্থিক সুবিধা দেয়ার পাশাপাশি নিরাপত্তা প্রদান করে।

### ২. এই পলিসিতে বীমা অফের (সাম অ্যাসিওরড) সর্বনিম্ন ও সর্বোচ্চ সীমা কত?

- সর্বনিম্ন: ১,০০,০০০ টাকা
- সর্বোচ্চ: কোনো সীমা নেই

### ৩. এই পলিসি নিতে হলে বয়স কত হতে হবে?

- সর্বনিম্ন বয়স: ১৮ বছর (পূর্ণ)
- সর্বোচ্চ বয়স: ৬০ বছর (পূর্ণ)

### ৪. এই পলিসির মেয়াদ কতদিনের হতে পারে?

রেগুলার প্রিমিয়াম পলিসির জন্য:

- সর্বনিম্ন ৫ বছর

সিঙ্গেল প্রিমিয়াম পলিসির জন্য:

- সর্বনিম্ন ৩ বছর
- সর্বোচ্চ মেয়াদ: ২০ বছর

### ৫. সর্বোচ্চ ম্যাচ্যুরিটি বয়স কত?

এই পলিসিটির অধীনে সর্বোচ্চ ম্যাচ্যুরিটি বয়স ৭৫ বছর পর্যন্ত নির্ধারিত।

### ৬. প্রিমিয়াম পরিশোধের পদ্ধতিতে কী কী সুবিধা রয়েছে?

আপনার সুবিধা অনুযায়ী, নিচের যেকোনো পদ্ধতিতে প্রিমিয়াম দিতে পারবেন:

- এককালীন (Single Premium)
- বাৎসরিক (Yearly)

- অর্ধ-বার্ষিক (Half-Yearly)
- ত্রৈমাসিক (Quarterly)
- মাসিক (Monthly)



### ৭. আমি কি এই পলিসির অধীনে সারেস্তার, লোন বা পেইড আপ সুবিধা নিতে পারবো?

কমপক্ষে ২ বছর নিয়মিত প্রিমিয়াম দিলে, এই সুবিধাগুলো প্রযোজ্য হয়।

### ৮. প্রিমিয়াম সময়মতো না দেওয়ার ফলে পলিসিটি তামাদি (lapsed) হয়ে যায়, কতদিনের মধ্যে তামাদি পলিসি চালু করা যাবে?

প্রথম বকেয়া প্রিমিয়ামের তারিখ থেকে ২ বছরের মধ্যে আপনি পলিসি আবার চালু করতে পারবেন।

### ৯. এই পলিসিতে কি কোনো ছাড় বা রিবেট আছে?

জি, আপনি নিচের দুটি ক্ষেত্রে রিবেট পেতে পারেন:

বেশি বীমা অঙ্ক নিলে:

- ১ লাখ-১.৯৫ লাখ: কোনো রিবেট নেই
- ২ লাখ-৪.৯৫ লাখ: প্রতি ১০০০ টাকায় ১.৫ টাকা

- ৫ লাখ-৯.৯৫ লাখ: প্রতি ১০০০ টাকায় ২.৫ টাকা
- ১০ লাখ বা তার বেশি: প্রতি ১০০০ টাকায় ৩ টাকা

প্রিমিয়াম দেওয়ার মোড অনুযায়ী:

- বাৎসরিক: ২% রিবেট
- অর্ধ-বার্ষিক: ১% রিবেট

#### **১০. বীমার মেয়াদ শেষে ম্যাচ্যুরিটি বেনিফিট কী পাওয়া যাবে?**

যদি পলিসিটি মেয়াদপূর্তি পর্যন্ত চালু থাকে, সেই ক্ষেত্রে আপনি নিচের সুবিধাগুলো পাবেন:

- মূল বীমা অঙ্ক + অর্জিত বোনাস (এলআইসি বাংলাদেশ কর্তৃক ঘোষিত)
- আপনি চাইলে এই অর্থ পুরোটা একসাথে না নিয়ে ধাপে ধাপে (কিস্তিতে) গ্রহণ করতে পারেন।

#### **১১. পলিসি চলাকালীন সময় বীমাধারীর মৃত্যু হলে কী কী সুবিধা পাওয়া যাবে?**

এই অবস্থায় আপনার নমিনী পাবেন:

- মূল বীমা অঙ্ক + অর্জিত বোনাস (এলআইসি বাংলাদেশ কর্তৃক ঘোষিত)